

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-12

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) গ্রহসনের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) অ্যারিস্টটল কোন্ গ্রহের কত সংখ্যক অধ্যায়ে ট্রাজেডির সংজ্ঞা দিয়েছেন?

গ) দুটি বাংলা 'কমেডি' (Comedy) নাটকের নাম লেখো।

ঘ) গিরিশচন্দ্র ঘোষের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

ঙ) নাট্যকারের নামসহ দুটি বাংলা ট্রাজেডি'র নাম লেখো।

চ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

[পর পৃষ্ঠায়]

- ছ) 'প্রফুল্ল' কার লেখা, কোন্ শ্রেণির নাটক?
- জ) লেবেডেফ কোন দেশের মানুষ? তাঁর প্রতিষ্ঠিত থিয়েটারের নাম কী?
- ঝ) নবীন বসুর থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয় এবং এখানে অভিনীত প্রথম নাটক কোনটি?
- ঞ) বেলগাছিয়া নাট্যশালার প্রতিষ্ঠাতাদের নাম লেখো।
- ট) অটলের স্ত্রী ও রামমাণিক্য'র স্ত্রী'র নাম লেখো।
- ঠ) ভোলাচাঁদের স্বপুনের নাম কী? ভোলাচাঁদকে গোকুলবাবু কী নামে ডেকেছেন?
- ড) 'মাতালের মান তুমি গণিকার গতি'—এর পরের পংক্তিটি কী?
- ঢ) 'অচলায়তন' নাটকটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ণ) "আমার দাদা বলে, জগতে যা-কিছু আছে সমস্তকে দূর করে ফেলতে পারলে তবেই আসল জিনিসকে পাওয়া যায়"—কে একথা বলেছে? তার দাদার নাম কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) একাঙ্ক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।
- খ) নবীন বসুর থিয়েটারের অবদান লেখো।
- গ) বাগবাজার অ্যামেচার থিয়েটারের অবদান ও গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো।
- ঘ) 'সধবার একাদশী' নাটকের রামমাণিক্য চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

- ঙ) 'সধবার একাদশী' নাটকের কুমুদিনী চরিত্রটি বিশ্লেষণ করো।
- চ) 'অচলায়তন' নাটকের আচার্য চরিত্রের ভূমিকা সংক্ষেপে বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) সামাজিক নাটকের সংজ্ঞা দাও। এই সংজ্ঞার আলোকে একটি সার্থক বাংলা সামাজিক নাটক সম্পর্কে আলোচনা করো। $২ + ৮ = ১০$
- খ) বেঙ্গলী থিয়েটারের প্রতিষ্ঠা ও তার কার্যকলাপ সম্পর্কে আলোচনা করো।
- গ) 'সধবার একাদশী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- ঘ) 'অচলায়তন' কোন্ শ্রেণির নাটক, তা আলোচনা করে বুঝিয়ে দাও।